

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৩০

খোয়াই, ২১ মার্চ, ২০২৫

ধরতি আভা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান এবং পিএম জনমন কর্মসূচির অগ্রগতি নিয়ে খোয়াইয়ে সভা

ধরতি আভা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান এবং পিএম জনমন কর্মসূচির অগ্রগতি নিয়ে গতকাল জেলাশাসক কার্যালয়ের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় আভা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান এবং পিএম জনমন কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা করে জেলাশাসক রজত পন্থ বলেন, সুবিধাভোগীদের মধ্যে প্রশাসনিক বিভিন্ন সুযোগ সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যে এই দুটি প্রকল্পের ব্যাপক প্রচার অভিযান সংগঠিত করতে হবে। দুটি প্রকল্পই সততা, নিষ্ঠা এবং সুনির্দিষ্ট গাইড লাইন অনুযায়ী বাস্তবায়ন করার উপর জেলাশাসক গুরুত্বারোপ করেন। সভায় জেলা কল্যাণ আধিকারিক শীর্ষেন্দু দেববর্মা জানান, জনজাতি অংশের জনগণের মধ্যে প্রশাসনিক বিভিন্ন সুযোগ সুবিধা পৌঁছানোই হচ্ছে এই দুটি প্রকল্পের মূল উদ্দেশ্য। এই প্রকল্পগুলির মাধ্যমে এখন পর্যন্ত ৩৯৬৬ জনকে আধার কার্ড, ৬৩৩ জনকে আয়ুস্মান ভারত হেলথ কার্ড, ৩৯৬৬ জনকে এসটি সার্টিফিকেট, ৯০৫ জনকে কিশাণ ক্রেডিট কার্ড প্রদান করা হয়েছে। এছাড়াও ৯০৫ জনকে প্রধানমন্ত্রী জনধন যোজনার আওতায় আনা হয়েছে। সভায় এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক সুভাষ আচার্য, খোয়াই মহকুমার মহকুমাশাসক চারু ভাৰ্মা, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের লিড ম্যানেজার দেবাশিষ বড়ুয়া সহ সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, বন, শিক্ষা, পূর্ত, মৎস্য, কৃষি ও স্বাস্থ্য দপ্তরের আধিকারিকগণ।
